বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান পানি ব্যবস্থাপনা'র দপ্তর
পানি ভবন
ব্লক-বি, লেভেল-৯(১০ম তলা)
৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৬৩
ইমেইল:watermanagement.bwdb@gmail.com
ওয়েব: www.bwdb.gov.bd

**Bangladesh Water Development Board**
Office of the Chief Water Management
Pani Bhaban
Block-B, Level-9 (9th Floor)
72, Green Road, Dhaka-1205
Phone:02222230063
email:watermanagement.bwdb@gmail.com
Web: www.bwdb.gov.bd

স্মারক নং ঃ ৪২.০১.০০০০.২১১.৮৫.০০১.১০-১১ তারিখ ঃ ২৬/৪/২০২৩ খ্রিঃ

# সার্কুলার

বিষয়ঃ আসন্ন আউশ মৌসুমে সেচ এবং নিরবিচ্ছিন্ন বিদ্যুত নিশ্চিতকরণের মাধ্যমে ফসলের জমিতে সম্পূরক সেচ প্রদান প্রসঙ্গে ।

উর্পযুক্ত বিষয়ে সম্মানিত সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে ১টি সভা বিগত ০৭/০৩/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয় । উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী আসন্ন আউশ মৌসুমে সেচ প্রকল্প সমূহে সেচ সুবিধা নিশ্চিতকরণের জন্য বাপাউবোর্ডকে নির্দেশনা প্রদান করা হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত)।

এমতাবস্থায়, বাপাউবোর্ড কর্তৃক বাস্তবায়িত সেচ প্রকল্প সমূহে আসন্ন আউশ মৌসুমে সেচ সুবিধা নিশ্চিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

এ পত্র প্রেরণে বোর্ড এর অনুমোদন রয়েছে।

(মাহফুজ আহমদ)
পরিচিতি নং-৬৫০৯০১০০২
প্রধান পানি ব্যবস্থাপনা (কমিউনিটি ডেভেলপমেন্ট)
বাপাউবো, ঢাকা।

স্মারক নং ঃ ৪২.০১.০০০০.২১১.৮৫.০০১.১০-১১.৭৬৬ তারিখ ঃ ২৬/৪/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবোর্ড, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পুর), পূর্বাঞ্চল, বাপাউবোর্ড, কুমিল্লা।
৩। প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবোর্ড, চট্টগ্রাম।
৪। প্রধান প্রকৌশলী (পুর), উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবোর্ড, সিলেট।
৫। প্রধান প্রকৌশলী (পুর), উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবোর্ড, রাজশাহী।
৬। প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণাঞ্চল, বাপাউবোর্ড, বরিশাল।
৭। প্রধান প্রকৌশলী (পুর), উত্তরাঞ্চল, বাপাউবোর্ড, রংপুর।
৮। প্রধান প্রকৌশলী (পুর), পশ্চিমাঞ্চল, বাপাউবোর্ড, ফরিদপুর।
৯। প্রধান প্রকৌশলী (পুর), দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবোর্ড, খুলনা।
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পওর সার্কেল, বাপাউবোর্ড, ...........।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। মুখ্য সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবোর্ড, ...........।
১৩। নির্বাহী প্রকৌশলী (পুর), পওর বিভাগ, বাপাউবোর্ড, ............ ।
১৪। উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা, বাপাউবোর্ড, ............।
১৫। দপ্তর কপি।

২৬/৪/২৩
প্রধান পানি ব্যবস্থাপনা (কমিউনিটি ডেভেলপমেন্ট)
বাপাউবো, ঢাকা।

স্মারক নং ঃ ৪২.০১.০০০০.২১১.৮৫.০০১.১০-১১.৭৬৬ তারিখ ঃ ২৬/৪/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি/অবগতির জন্য ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাপাউবোর্ড, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবোর্ড, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাপাউবোর্ড, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবোর্ড, ঢাকা।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবোর্ড, ঢাকা।
৬। দপ্তর কপি।

২৬/৪/২০২৩
প্রধান পানি ব্যবস্থাপনা (কমিউনিটি ডেভেলপমেন্ট)
বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ৪০৬
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী

তারিখঃ ২৭/৪/২৩
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-১ অধিশাখা
www.moa.gov.bd

১। অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।
★ বিধি মোতাবেক ব্যবস্থা নিন।
★ পত্রের মর্মানুসারে প্রতিবেদন পেশ করুন।
★ পরীক্ষা করে পেশ করুন।
★ তদন্ত করে মতামত সহ প্রতিবেদন দিন।
★ সভায় যোগদান করুন এবং কার্যবিবরণী অবহিত করুন
★ আলাপ করুন

স্মারক নং-১২.০০.০০০০.০২৭.৯৯.০০২.২২-৮৮ তারিখ: ০৫ চৈত্র ১৪২৯ / ১৯ মার্চ ২০২৩

বিষয়: **আসন্ন আউশ মৌসুমে সেচ এবং নিরবিছিন্ন বিদ্যুৎ নিশ্চিতকরণের বিষয়ে গত ৭/৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

আসন্ন আউশ মৌসুমে সেচ এবং নিরবিছিন্ন বিদ্যুৎ বিষয়ে ৭/৩/২০২৩ তারিখে সচিব, কৃষি মন্ত্রণালয় এর সভাপতিত্বে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

**সংযুক্তি:** বর্ণনা মোতাবেক কার্যবিবরণী ০২ (দুই) পাতা।

প্রাপ্ত ডায়েরী নং ... তাং ২/৪/২০২৩
★ প্রধান মৃত্তিকা ও কৃষি জরীপ অফিসার।
★ ঊর্দ্ধতন মৃত্তিকা বিজ্ঞানী।
★ প্রধান কৃষিতত্ত্ববিদ।
★ প্রধান সম্প্রসারণ অফিসার।
★ উপ-প্রধান (সমাজবিজ্ঞান)
★ উপ-প্রধান (কৃষি)।
★ উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা।
★ সহকারী পরিচালক (প্রঃ)।
★ অতি জরুরী।
★ জরুরী।
★ আলাপ করুন।
★ মন্তব্য দিন।
★ প্রয়োজনীয় ব্যবস্থা নিন।
★ নথিতে পেশ করুন।
★ নথিতে রাখুন।
★ তাগাদা পত্র দিন।
প্রধান পানি ব্যবস্থাপনা

(মোঃ জসিম উদ্দিন)
উপসচিব
ফোন: ৫৫১০০৬৮৩
ই-মেইল: input1@moa.gov.bd

বিতরণ: জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ/সম্প্রসারণ/গবেষণা), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড প্রধান কার্যালয়, নিকুঞ্জ-২, খিলক্ষেত ঢাকা-১২২৯
৭. চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন (২য় তলা), মতিঝিল, ঢাকা
৮. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
১০. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
১১. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
১২. যুগ্মসচিব (উপকরণ/সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আবহাওয়া ভবন,-২৪,আগারগাঁও, ঢাকা-১২০৭
১৪. পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
১৫. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
১৬. সদস্য পরিচালক (ক্ষুদ্রসেচ),বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন দিলকুশা বা/এ, মতিঝিল, ঢাকা।
১৭. অতিরিক্ত পরিচালক (মনিটরিং ও বাস্তবায়ন), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫
১৮. নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব) বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
২০. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সেচ কমিটি, জেলা ...................................... (সকল)
২১. উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি, উপজেলা সেচ কমিটি, উপজেলা ........................, (সকল)

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
০৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় **(কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪। যুগ্মসচিব (উপকরণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**www.moa.gov.bd**

আসন্ন আউশ মৌসুমে সেচ এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা নিশ্চিতকরণ বিষয়ে গত ৭/৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| ১.০ সভাপতি | : | জনাব ওয়াহিদা আক্তার<br>সচিব, কৃষি মন্ত্রণালয়। |
| ২.০ সভার তারিখ ও সময় | : | ০৭ মার্চ ২০২৩; বেলা ২.৩০ ঘটিকা। |
| ৩.০ সভার স্থান | : | কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১৭, ভবন নং-০৪)। |
| ৪.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-ক। |

৫.০। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আসন্ন আউশ মৌসুমে সেচ এবং বিদ্যুৎ সুবিধা নিশ্চিতকরণ বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন যে, জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক সংকট মোকাবেলায় টেকসই খাদ্য নিরাপত্তা অর্জনে আউশ মৌসুম খুবই গুরুত্বপূর্ণ। এবার আসন্ন আউশ মৌসুমকে কৃষি মন্ত্রণালয় খুবই গুরুত্ব দিয়ে দেখছে। আউশ মৌসুমটি মূলত: বৃষ্টি নির্ভর হলেও আবহাওয়ার প্রতিকূলতার জন্য সেচের উপর গুরুত্ব দেয়া প্রয়োজন। অত:পর সভাপতি এ বিষয়ে বিস্তারিত আলোচনার জন্য উপ প্রধান প্রকৌশলী, বিএডিসিকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে, জনাব মুহাম্মদ বদরুল আলম, উপপ্রধান প্রকৌশলী, বিএডিসি সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন যে, গত মৌসুমে আউশের লক্ষ্যমাত্রা ছিল ১৩.০৯৩০৪ লক্ষ হেক্টর। বিগত ২০২১-২২ সেচ মৌসুমে ভূগর্ভস্থ (৭৩%)ও ভূপরিস্থ (২৭%) পানির ব্যবহার করে সারা দেশে ৫৬.৮৯ লক্ষ হেক্টর জমিতে সেচ প্রদান করা হয়। ২০২২-২৩ সেচ মৌসুমে বোরোতে ৫৮ লক্ষ হেক্টর জমিতে সেচের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সেক্ষেত্রে সেচ নিশ্চিত করতে সারাদেশে ১২,২৭,৮১৫টি ডিজেল চালিত সেচ যন্ত্র এবং ৪,৭৬,৩০০টি বিদ্যুৎ চালিত সেচযন্ত্র মাঠে চালু রয়েছে। এক্ষেত্রে ডিজেল চালিত সেচযন্ত্রে ৬৯,৮৭,৯৯.০৫ মে.টন ডিজেল ও ২০,৪৪,৯.৫১ মে.টন লুব্রিকেটিং ওয়েল এবং ২,৮৯৯ মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন হবে। আসন্ন আউশ মৌসুমে আবাদে লক্ষ্যমাত্রা ১৩.৯৫ লক্ষ হেক্টর নির্ধারণের প্রস্তাবনা করা হয়েছে। আসন্ন আউশ মৌসুমে সারাদেশে বিদ্যুৎচালিত ৩,৯৯৮টি গভীর নলকূপ, ৫৫,৫৮৬টি অগভীর নলকূপ এবং ১২৯৭টি এলএলপি চালুর লক্ষ্যমাত্রা রয়েছে। মোট ৬০৮৮১ টি বিদ্যুৎচালিত সেচযন্ত্রে ৩৭৬.৭৭ মেগাওয়াট বিদ্যুতের প্রয়োজন হবে। তাছাড়া আসন্ন আউশ সেচ মৌসুমে প্রায় ১,৮৪,১৭২টি ডিজেল চালিত সেচযন্ত্রের বিপরীতে প্রায় ১০৪৮১৯.৮৫ মে.টন ডিজেল ও ৩০৬৭.৪৩ মে.টন লুব্রিকেটিং ওয়েলের প্রয়োজন হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী মাঠে সেচযন্ত্র প্রস্তুত রয়েছে এবং নিয়মিত মনিটরিং করা হচ্ছে।

চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাকে বলেন যে, খাদ্য উৎপাদন বৃদ্ধির ধারা অব্যাহত রাখার নিমিত্ত আসন্ন আউশ মৌসুমে REB সেচ ব্যবস্থা এবং সেচ সংযোগের উপর গুরুত্ব দিচ্ছে। সেলক্ষ্যে REB গ্রাহককে ২৪ ঘন্টার মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করবে। বিশেষ প্রয়োজনে সংযোগ ফি পরবর্তী বিলের সাথে সমন্বয় করা যেতে পারে মর্মে সভাকে তিনি অবহিত করেন। বিএডিসি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সমন্বয়ে উপজেলা সেচ কমিটিকে আরও সক্রিয় করা প্রয়োজন মর্মে মতামত ব্যক্ত করেন। এছাড়া তিনি রাত ১১.০০ টা হতে সকাল ৭.০০টা পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করতে সহযোগিতার প্রতিশ্রুতি দেন। বিদ্যুৎচালিত সেচযন্ত্র যাতে এসময়ে চালানো হয় সে সম্পর্কে মাঠ পর্যায়ে প্রচারণা নিশ্চিতকরণের জন্য তিনি অনুরোধ জানান।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, গত ২৪ জানুয়ারি ২০২৩ মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর সভাপতিত্বে সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি আরো জানান যে, সেচ পাম্পগুলোতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা নিশ্চিতকরণের জন্য নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে। তাছাড়া আঞ্চলিক পর্যায়ে কমিটি গঠনসহ ৩২ জন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়মিত মাঠ তদারকিতে থাকবেন।

মহাপরিচালক বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট সভাকে জানান যে, বৈশ্বিক প্রেক্ষাপট বিবেচনায় এ বছর চালের উৎপাদন বৃদ্ধি করা প্রয়োজন। তিনি নির্ধারিত সময়ের মধ্যে আউশের এরিয়া নির্ধারণপূর্বক টার্গেট ঠিক করে আবাদের কার্যক্রম করার উপর গুরুত্ব আরোপ করেন। তাছাড়া তিনি নির্ধারিত সময়ে বীজতলা তৈরি এবং চারা রোপন করার উপর গুরুত্ব আরোপ করেন। তিনি মার্চের মধ্যে মাঠ পর্যায়ে বীজ প্রেরণের উপরও গুরুত্ব আরোপ করেন।

পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি জানান যে, জি-কে প্রকল্পের ২টি পাম্প চালু রয়েছে এবং ১টি পাম্প নষ্ট রয়েছে। নষ্ট পাম্প মেরামতের কার্যক্রম চলমান রয়েছে। মেঘনা, ধনাগোদা ও মুহুরি প্রকল্পে কোন সমস্যা নেই।

জ্বালানি বিভাগের প্রতিনিধি জানান যে, জ্বালানির সাপ্লাই চেইনে কোন সমস্যা নেই। তাছাড়া সাপ্লাই চেইন ঠিক রাখতে মনিটরিং ও নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে। সেচ মৌসুমে বিদ্যুৎ উৎপাদনে জ্বালানি সরবরাহে কোন সমস্যা হবে না।

বিএডিসি'র প্রধান প্রকৌশলী (সওকা) সভায় আসন্ন আউশ মৌসুমে আবাদের জমি চিহ্নিত করে বিএডিসি-কে সহযোগিতা করার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে অনুরোধ জানান।

মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট জানান যে, স্বল্পমেয়াদী বিনা-১৯, বিনা-২১ ধান লাগালে কম পানি ব্যবহৃত হবে। এক্ষেত্রে বিনা-১৪ ধানও চাষ করা যেতে পারে। বৈশাখ মাসে বিদ্যুৎ লাইনের কাছাকাছি গাছপালার ডাল ছাঁটাইয়ের জন্য সভার মাধ্যমে তিনি বিদ্যুৎ বিভাগকে অনুরোধ জানান।

বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) সভাকে জানান যে, সেচের কোন সমস্যা নেই। ধানের ফ্লাওয়ারিং পর্যায়ে সেচ নিশ্চিতকরণ প্রয়োজন।

অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, উপজেলা সেচ কমিটির মাধ্যমে AWD প্রযুক্তি প্রচারের ব্যবস্থা করতে হবে। এছাড়া পরিমিত পানি ও সার ব্যবহারের বিষয়ে উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা হবে।

আবহাওয়া অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, প্রতি সপ্তাহে আবহাওয়ার পূর্বাভাস সম্পর্কে বুলেটিনের মাধ্যমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে অবহিত করা হয়। আবহাওয়ার পূর্বাভাসের ভিত্তিতে ডিএই'র মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান সহজ হয়। আবহাওয়ার পূর্বাভাস বার্তা প্রদানের ফলে কৃষকগণ সেচযন্ত্র চালু/বন্ধসহ পানির পরিমিত ব্যবহার সম্পর্কে জানতে পারেন।

অত:পর সচিব মহোদয় সকলকে তাদের মতামত/বক্তব্যের জন্য ধন্যবাদ জানান এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন। সকলের সাথে আলোচনান্তে তিনি জানান যে, আসন্ন আউশ মৌসুমে যথাসময়ে সেচ পাম্প চালু থাকতে হবে এবং বিএডিসি কে যথাসময়ে কৃষকদের নিকট বীজ সরবরাহ নিশ্চিত করতে হবে। বিদ্যুৎ চালিত সকল প্রকার সেচ পাম্প চালানোর সময় রাত ১১.০০ টা থেকে সকাল ৭.০০ টার মধ্যে সীমাবদ্ধ থাকবে। তিনি সেচের পানির অপচয় রোধে অলটারনেট ওয়েটিং ও ড্রাইং (AWD) পদ্ধতি প্রয়োগ বিষয়ে কৃষি তথ্য সার্ভিস ও উপজেলা সেচ কমিটির মাধ্যমে প্রচারণা বৃদ্ধির করার উপর গুরুত্ব আরোপ করেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৬.০। অত:পর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১. | আসন্ন আউশ মৌসুমে আবাদের লক্ষ্যমাত্রা ১৩.৯৫ লক্ষ হেক্টর নির্ধারণ করা হলো। | ডিএই/বিএডিসি/বিএমডিএ |
| ২. | সেচের পানির অপচয় রোধে অলটারনেট ওয়েটিং ও ড্রাইং (AWD) পদ্ধতি প্রয়োগের জন্য প্রচার প্রচারণা ও কৃষকদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে জেলা/উপজেলা সেচ কমিটির নিকট প্রয়োজনীয় লিফলেট ও অন্যান্য উপকরণ সরবরাহ করতে হবে। | কৃষি তথ্য সার্ভিস/ ডিএই/ জেলা ও উপজেলা সেচ কমিটি |
| ৩. | আসন্ন আউশ মৌসুমে যে সব অঞ্চলে আবাদ বৃদ্ধি পাবে সেসব জায়গায় সেচ সুবিধা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বিএডিসি/ডিএই/বিএমডিএ/ পানি উন্নয়ন বোর্ড |
| ৪. | আসন্ন আউশ মৌসুমে সেচ কাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ ও জ্বালানি সরবরাহ অব্যাহত রাখতে হবে। | বিদ্যুৎ বিভাগ/ জ্বালানি বিভাগ/ REB /পিডিবি/ |
| ৫. | জি-কে প্রকল্পসহ পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন অন্যান্য বৃহৎ প্রকল্পের সকল পাম্প চালু রাখতে হবে। | পানি উন্নয়ন বোর্ড |
| ৬. | আসন্ন আউশ মৌসুমে রাত ১১.০০ টা হতে সকাল ৭.০০ টা পর্যন্ত ব্যতিত কোন বিদ্যুৎচালিত সেচপাম্প চালু রাখা যাবে না। | বিএডিসি/ডিএই/বিএমডিএ/ REB |
| ৭. | সেচ প্রাপ্যতা নিয়ে কোন সমস্যা হলে তা সমাধানের জন্য কৃষকগণের যোগাযোগের সুবিধার্থে জেলা/উপজেলা সেচ কমিটির মাধ্যমে প্রতিটি উপজেলায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ করতে হবে। | জেলা/উপজেলা সেচ কমিটি |
| ৮. | কৃষকগণ যেন প্রয়োজন অনুসারে পরিমিত পানি পায় এ বিষয়টি সার্বক্ষণিক মনিটরিং করতে হবে। | ডিএই/ বিএডিসি/ বিএমডিএ |
| ৯. | যে সকল এলাকায় ভূপরিস্থ পানি নেই সেখানে নীতিমালা মেনে ভূগর্ভস্থ সেচের পাম্প স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | বিএডিসি/ বিএমডিএ |
| ১০ | আসন্ন আউশ মৌসুমে যথাসময়ে বীজতলা তৈরি করার জন্য কৃষকদের নিকট যথাসময়ে বীজ সরবরাহ ও বিতরণ নিশ্চিত করতে হবে। | বিএডিসি/ডিএই |
| ১১ | আবহাওয়ার পূর্বাভাস সার্বক্ষণিক আপগ্রেড রাখতে হবে এবং এ সম্পর্কে যথাসময়ে কৃষকদের অবহিত করতে হবে। | কৃষি তথ্য সার্ভিস/ডিএই/আবহাওয়া অধিদপ্তর |

০৭। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/৩/২০

(ওয়াহিদা আক্তার)
সচিব
কৃষি মন্ত্রণালয়

## আসন্ন আউশ মৌসুমে সেচ এবং নিরবিছিন্ন বিদ্যুৎ নিশ্চিতকরণের বিষয়ে ৭/৩/২০২৩ তারিখে অনুষ্ঠেয় আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থিত কর্মকর্তাগণ

| ক্রঃ নং | কর্মকর্তা/প্রতিনিধিরনাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার নাম | মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | |
| | মোহাং সেলিম উদ্দিন চেয়ারম্যান | BREB | 01769400000 | [signature] ৭/৩/২০২৩ |
| | ড. মুরারিতসময় রায় পরিচালক | কৃষি তথ্য সার্ভিস | 01711969318 | [signature] |
| | বাদল চন্দ্র বিশ্বাস মহাপরিচালক | ডিএই | 01718819605 | [signature] |
| | ড. মো: শাহজাহান কবীর মহাপরিচালক | ব্রি | 01712280083 | [signature] |
| | ড. মির্জা মোফাজ্জল ইসলাম মহাপরিচালক | বিনা | 01716-280720 dg@bina.gov.bd | [signature] |
| | মো: তাজুল ইসলাম অতিরিক্ত পরিচালক | DAE | 01553749178 eslamtajul1965@yahoo.com | [signature] |
| | মো: জাহিদুল ইসলাম | বিদ্যুৎ বিভাগ | ০১৭১৮৯৬৬৬০০ jahidul.islam95@gmail.com | [signature] |
| | মো: আব্দুর রহিম নির্বাহী পরিচালক | বিএমডিএ | ০১৭১২১৮২৭১৭ bmdahq@bmda.gov.bd | [signature] |
| | মোহাম্মদ আব্দুর রাজ্জাক রিপন উপ-সচিব | পানি সম্পদ মন্ত্রণালয় | 01718554404 | [signature] |
| | মাহমুদ আহমদ প্রধান পানি ব্যবস্থাপনা | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | 01716496668 01318235143 | [signature] |
| | মুহাম্মদ বদরুল আলম উপ প্রধান প্রকৌশলী | বিএডিসি | 01718039293 | [signature] |
| | প্রকৌ: স্বপন কুমার হালদার প্রধান প্রকৌশলী (ক্ষুসেক) | বিএডিসি | 01715009520 | [signature] |

# আসন্ন আউশ মৌসুমে সেচ এবং নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিতকরণের বিষয়ে ৭/৩/২০২৩ তারিখে অনুষ্ঠেয় আন্ত:মন্ত্রণালয় সভায় উপস্থিত কর্মকর্তাগণ

| ক্রঃ নং | কর্মকর্তা/প্রতিনিধিরনাম ও পদবি | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থার নাম | মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ড. মোঃ শামীম হাসান ভূইয়া সিনিয়র সহকারী সচিব | বিএমডি | 01750000456 shameembmd@gmail.com | [signature] 7/03/23 |
| | মোঃ রেজাউল করিম অতিরিক্ত পরিচালক | ডিএই | 01712029185 adextension@dae.gov.bd | [signature] 07/03/23 |
| | মোঃ হাফিজুর রহমান ... উপসচিব | EMRD | 01711666496 hrchowdhuryp...@gmail.com | [signature] 07/03/2023 |
| | সৈয়দ আহমদ যুগ্মসচিব | কৃষি মন্ত্রণালয় | 01817578806 jsinput@moa.gov.bd | [signature] 07.03.2023 |
| | মোঃ মফিজুল ইসলাম মহা-ব্যবস্থাপক (বা: পরি:) | BPDB | 01819229841 gmcopdb@yahoo.com | [signature] |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |